পার্বত্য চট্টগ্রামের বর্তমান পরিস্থিতি নিয়ে কড়া হুঁশিয়ারি দিয়েছেন জামায়াতে ইসলামীর

ঠাকুরগাঁও প্রতিনিধি – পার্বত্য চট্টগ্রামের বর্তমান পরিস্থিতি নিয়ে কড়া হুঁশিয়ারি দিয়েছেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিশে শুরার সদস্য ও ঢাকা দ¶◌িণ মহানগরীর সহকারী সেক্রেটারি মো. দেলাওয়ার হোসেন।

তিনি বলেন, পার্বত্য চট্টগ্রামে রক্তেরে হলি খেলা শুরু হয়েছে। খুনি হাসিনা সরকার ১৫ বছর ধরে ভারতীয় সরকারকে খুশি করে দেশকে ভারতের অঙ্গরাজ্য করার স্বপ্ন নিয়ে কাজ করেছিল। সেই স্বপ্ন যখন ধুলিসাৎ হয়েছে। তখন বাংলাদেশ থেকে ভারতে পালিয়ে গিয়ে আবারও ষড়যন্ত্র করছে। পার্বত্য চট্টগ্রামকে বাংলাদেশ থেকে বিচ্ছিন্ন করার জন্য ষড়যন্ত্র করছে।

তিনি আরও বলেন, পার্বত্য চট্টগ্রাম নিয়ে কোনও ষড়যন্ত্র করবেন না। সেখানে রক্তের হোলি খেলা করবে না। আর কোনও ভাইয়ের বুকে গুলি চালাবেন না। যদি রক্তের হোলি খেলা বন্ধ না হয় ও যদি আর কোনও ষড়যন্ত্র করা হয় তাহলে দেশের ১৮ কোটি জনতাকে নিয়ে পার্বত্য চট্টগ্রামে লং মার্চ করবো।

শনিবার (২১ সেপ্টেম্বর) বিকাল পৌনে ৬ টায় বাংলাদেশ জামায়াতে ইসলামী রুহিয়া থানা শাখার আয়োজনে রুহিয়ায়া উচ্চ বিদ্যালয মাঠে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহতদের স্মরণে ও আত্মার মাগফেরাত এবং আহতদের সুস্থতা কামনায় দোয়া ও ঐক্য সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।